

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইকবিলাব

নএসসি পরীক্ষার ৪র্থ দিনেও বহিষ্কার ও সহস্রাধিক

রিপোর্টার : এসএসসি পরীক্ষায় দেশে গণনকল অব্যাহত রয়েছে। ২য় পত্রের পরীক্ষায়ও গতকাল গংশ কেন্দ্রে খ্রীষ্টাইলে নকল চলছে। শহরের বাইরের কেন্দ্রগুলোতে রু নকল চললেও কেন্দ্র কর্তৃপক্ষ বা হল শর্করা কাউকে বহিষ্কার দূরের কথা, সামান্যতম বাধাও দিচ্ছেন না। বরং বোর্ডের হুমকি-ধামকি উপেক্ষা করে ন অব্যাহত সহযোগিতা করে ছন। বোর্ড কর্তৃপক্ষ, স্থানীয় জেলা ও প্রশাসন এবং ডিজিটাল টিমের ারা াটিকা অভিযান চালিয়ে স্বল্প া নকলপ্রবণ কেন্দ্রগুলো থেকে মান্য কিছু পরীক্ষার্থীকে নকলের দায়ে কোর্থাও কোথাও দু'একজন শিক্ষক-র্শককে নকলে সহযোগিতার জন্য ার করছেন। কিন্তু সিংহভাগ নকলবাজ ার্থাও সহযোগী শিক্ষকরা ধরাছোয়ার রই থেকে যাচ্ছে।

নল, বাংলা ২য় পত্রের পরীক্ষায় ৭টি ার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে বোর্ড াক্ষ, স্থানীয় প্রশাসন ও ডিজিটাল ার সদস্যরা ও সহস্রাধিক পরীক্ষার্থীকে

নকলের দায়ে বহিষ্কার করেছেন। এর সাথে নকলে সহযোগিতা করতে গিয়ে হাতেনাতে ধরা পড়ে বহিষ্কৃত হয়েছেন আরো ১৫ শিক্ষক-পরিদর্শক। তবে বোর্ড কর্তৃপক্ষ বা শিক্ষা মন্ত্রণালয় বহিষ্কৃত শিক্ষকদের বিরুদ্ধে আর কোন শাস্তির ব্যবস্থা না করায় হল পরিদর্শক শিক্ষকরা নকলে সহযোগিতা থেকে নিবৃত্ত হচ্ছেন না। অপরদিকে, পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা জারি করা হলেও কোথাও ১৪৪ ধারা মানা হচ্ছে না এবং পুলিশও ১৪৪ ধারা রক্ষায় কোন ভূমিকা না রেখে বরং ১৪৪ ধারা ভঙ্গে বহিরাগত সহযোগীদের সাথে মিলেমিশে একাত্ম হয়ে গেছে। অসংখ্য কেন্দ্রে বুকে ব্যাজ এটে স্বেচ্ছাসেবক সেজে রাজনৈতিক প্রভাবশালীরা হরদম নকলে সহযোগিতা করছে এবং কেন্দ্রগুলো রয়েছে মূলত তাদের দখলেই। অথচ এরা পরীক্ষা সংশ্লিষ্ট কোন বৈধ ব্যক্তি নয়।

গতকাল নকলের দায়ে রাজশাহী বোর্ডের ১৬ জেলায় সহস্রাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ সময় চাঁপাই নবাবগঞ্জ কেন্দ্র থেকেই নকলে সহযোগিতা করায় ১২ জন শিক্ষককে বহিষ্কার করা হয়।

এছাড়া খাতা বদল করায় ১ জন পরীক্ষার্থীসহ অপর দুই নকল সরবরাহকারীকে গ্রেফতার করা হয় বাঘার আড়ানী কেন্দ্রে। বিভিন্ন কেন্দ্র থেকে ভ্রাম্যমাণ পরিদর্শক ও প্রশাসনিক কর্মকর্তারা বস্তা বস্তা নকল উদ্ধার করেন। সিরাজগঞ্জের কামারখন্দ ও নাটোরের নলডাঙ্গায় বিভিন্ন আরা মোতায়েন করা হয়। বোর্ড কর্তৃপক্ষ ও কেন্দ্র সচিবকে সতর্ক করেছে। ঢাকা বোর্ডের ১৬ জেলায় গতকাল প্রায় ৩শ' পরীক্ষার্থীকে নকল করায় বহিষ্কার করা হয়। যশোর বোর্ডে বহিষ্কৃত হয় দেড় শতাধিক। চট্টগ্রাম বোর্ডে ২৮৪ জন, ফরিদপুর বোর্ডে ২ শিক্ষকসহ ২৮৩ জন, বরিশাল বোর্ডে ১০৫ জন, সিলেট বোর্ডে ২১ জন এবং মাদ্রাসা বোর্ডে ২ শিক্ষকসহ ৩২ জেলায় ১৮৬ কেন্দ্রে মোট ৩২৩ জন বহিষ্কৃত হয়।

বরিশাল ব্যুরো জানায়, বোর্ড ও প্রশাসনের ডিজিটাল টিমের সদস্যরা যতক্ষণ কেন্দ্রে অবস্থান করেন, কেবল ততক্ষণের জন্য নকল দমন হয়। তাদের অনুপস্থিতিতে কেন্দ্রগুলোর পরিস্থিতি আবার অস্বাভাবিক হয়ে ওঠে। গতকাল বোর্ডের ৬৫টি ডিজিটাল টিমসহ প্রশাসনের ডিজিটাল টিমের সদস্যরা বেশ কয়েকটি পরীক্ষাকেন্দ্রে াটিকা অভিযান চালিয়ে নকল প্রতিরোধ করেন। বরিশাল বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে নেতৃত্বে একটি দল বারুগঞ্জ কেন্দ্রে ৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

নএসসি পরীক্ষার ৪র্থ দিনেও বহিষ্কার

র পৃষ্ঠার পর ার পরিদর্শনে যায়। গতকাল বরিশালে ৫৯ পটিয়াখালীতে ১৮ জন, ঝালকাঠিতে ৮ জন, ায় ৪ জন, বরগুনায় ৪ জন এবং াজপুরে ২ জন বহিষ্কৃত হয়েছে।

রা বোর্ডে নকল পরিস্থিতির কোন পরিবর্তন া। বোর্ড চেয়ারম্যান গুণবর্তী কেন্দ্র থেকে াল ১০ বস্তা নকল উদ্ধার করেন। নকলে াগিতা করতে গিয়ে ধরা পড়লে ব্রাহ্মণপাড়া া থেকে কান্দুয়া হাই স্কুলের ১ জন শিক্ষক া মতলব কেন্দ্র থেকে বদরপুর হাই স্কুলের ১ া শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। দাখিল ায়ও গতকাল ২ শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। াস ব্যুরো : চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন াসসি পরীক্ষায় অধিকাংশ কেন্দ্রে খ্রীষ্টাইলে

গণনকল অব্যাহত রয়েছে। বিশেষ করে, চট্টগ্রাম জেলার রাউজান, রাপুনিয়া, ফটিকছড়ি, হাটহাজারী, পটিয়া উপজেলার পরীক্ষা কেন্দ্রগুলোতে প্রতিদিন রীতিমত নকলের হাট বসেছে। বোর্ড চেয়ারম্যানের নেতৃত্বে বিশেষ টিমসহ বোর্ডের ৯৩টি ডিজিটাল টিমের সদস্যদের সাড়াশি অভিযানের পরও নকলের ভয়াবহতা কমছে না। কয়েকটি কেন্দ্রে পরীক্ষার নামে গ্রহসন চলছে। পরীক্ষা পরিচালনার কাজে নিয়োজিত কেন্দ্রসচিবসহ শিক্ষকরাও নকলে সহযোগিতার নেমে পড়েছেন। নকলে সহযোগিতা করার অভিযোগে এ পর্যন্ত প্রায় ২০ জন শিক্ষককে এবং ২ জন কেন্দ্রসচিবকে বহিষ্কার করা হয়েছে। গতকালের বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় বহিষ্কৃত হয়েছে মোট ২৮৪ জন। গতকাল বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে বোর্ডের চেয়ারম্যান, অধ্যাপক আহমদ হোসেন, পটিয়ার তিনটি পরীক্ষা কেন্দ্র সুরেজমিন পরিদর্শন করে ব্যাপক গণটোকাটুকি প্রত্যক্ষ করেছেন। তিনি শুধুমাত্র পটিয়া হাই স্কুল কেন্দ্র থেকে ৫৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেছেন। পরীক্ষার্থীদের দেহ তত্ত্বাশি করে গতকালও ব্যাপক নকল উদ্ধার করা হয়েছে।